গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মেমিস প্রকল্প, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউজ (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
www.memis.gov.bd

বিষয়: মেমিস প্রকল্পের ডাটাবেইসের সাথে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর বোর্ড' এবং 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট' এর সংযোগ স্থাপন সংক্রান্ত সভার কার্যবিবরনী।

সভাপতি : কে, এম, রুহুল আমীন, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ (৭ম ও ১০ তলা), নিউ বেইলী রোড, ঢাকা।
তারিখ ও সময় : ৩০ ডিসেম্বর ২০২১ খ্রি., বিকাল ৩.০০ ঘটিকা
সভায় উপস্থিত সদস্যদের হাজিরা: পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ন্যায় 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর বোর্ড' এবং 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট' মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের নিয়ে কাজ করে থাকেন। এমপিওভুক্ত মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের প্রদত্ত সেবাসমূহ সহজীকরণের লক্ষ্যে সরকারের আন্তঃসংস্থার পারস্পরিক সহযোগিতা প্রয়োজন হয়। তিনি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মেমিস প্রকল্পে বিদ্যমান সিস্টেমের তথ্যাদির সাথে সংযোগ স্থাপনের লক্ষ্যে অবসর বোর্ড এবং কল্যাণ ট্রাস্ট এর চাহিত বিষয়াদি আলোচনার জন্য আহ্বান করেন।

**আলোচনা:**

মেমিস প্রকল্পের প্রকল্প পরিচালক বলেন, মেমিস প্রকল্পে বাংলাদেশের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের তথ্যাদির অনলাইন ডাটাবেইস রয়েছে। মেমিসের বিদ্যমান তথ্যাদি হতে কী ধরনের তথ্যাদি প্রয়োজন তা অবসর বোর্ড এবং কল্যাণ ট্রাস্টকে অবহিত করার অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে অবসর বোর্ডের সচিব এবং কল্যাণ ট্রাস্টের প্রতিনিধিবৃন্দ বলেন, মুলত: পদত্যাগ/অবসর/মৃত্যুজনিত শিক্ষক-কর্মচারীদের নিয়ে তারা কাজ করে থাকেন। শিক্ষক-কর্মচারীদের নাম, প্রথম এমপিও তারিখ, অবসরের তারিখ, পদবী, জন্ম তারিখ ইত্যাদি তথ্যাদি যাচাই করার প্রয়োজন হয়। যাচাইয়ের নিমিত্ত মেমিস প্রকল্পের ডাটা বেইসের সাথে API (Application Programming Interface) প্রাপ্তি/সংযোগ স্থাপনের মাধ্যমে সেবাসমূহ প্রদান করা সহজ হবে।

মেমিস প্রকল্পের প্রকল্প পরিচালক বলেন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে প্রাপ্ত মেমিস সিস্টেমে বিদ্যমান শিক্ষক-কর্মচারীদের তথ্যাদি (নাম, পদবী, জন্মতারিখ, ব্যাংক হিসাব ইত্যাদি) নিয়মিত হালনাগাদ/সংশোধন করা হচ্ছে। প্রকল্পের প্রোগ্রামার বলেন, এমপিও সংক্রান্ত তথ্যাদি খুবই স্পর্শকাতর হওয়ায় এর নিরাপত্তা ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য কল্যাণ ট্রাস্ট এবং অবসর বোর্ড এর সাথে মেমিস তথ্যাদির ব্যবহারের নীতিমালা থাকা প্রয়োজন। প্রকল্পের সিস্টেম এনালিস্ট বলেন যে, বর্তমান মেমিস সিস্টেমে API Develop করা না থাকায় তৈরী করতে হবে। এছাড়া মেমিস সফটওয়্যারের ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে রক্ষণাবেক্ষণ চুক্তির মেয়াদ শেষ হয়েছে। তিনি আরও বলেন, API/তথ্য প্রবাহের সংযোগের মাধ্যমে সংযোগকৃত প্রতিষ্ঠানগুলো মেমিসের বিদ্যমান তথ্য দেখতে পারবে কিন্তু কোন প্রকার সম্পাদনা বা সংযোজন বা বিয়োজনের সুযোগ থাকবে না।

**সিদ্ধান্ত:**

মেমিস প্রকল্পের ডাটাবেইসের সাথে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর বোর্ড' এবং 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট' এর সাথে API / তথ্য প্রবাহ সংযোগ স্থাপনের কার্যক্রম যথাযথভাবে সম্পন্নের লক্ষ্যে নিম্নোক্ত কারিগরি কমিটি গঠন করা হয়:

| | |
|---|---|
| পরিচালক (প্রশাসন ও অর্থ) ও প্রকল্প পরিচালক, মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | আহ্বায়ক |
| উপ-পরিচালক (অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| প্রতিনিধি, ব্যানবেইস | সদস্য |
| প্রতিনিধি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট | সদস্য |
| প্রতিনিধি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর বোর্ড | সদস্য |
| উপ পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| প্রোগ্রামার, মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |

উল্লেখ্য, গঠিত কমিটি প্রয়োজনে ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা বুয়েট এর তথ্য প্রযুক্তি বিষয়ক বিশেষজ্ঞ হতে কারিগরি পরামর্শ গ্রহণ করতে পারবে।

**কমিটির কার্যপরিধি:** (ক) মেমিস প্রকল্পের ডাটাবেইসের সাথে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর বোর্ড' ও 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট' এর API/তথ্য প্রবাহ সংযোগ স্থাপনের লক্ষ্যে সমঝোতা স্মারকের খসড়া প্রস্তুতকরণ;
খ) মেমিস প্রকল্পের ডাটাবেইসের তথ্যাদির API/তথ্য প্রবাহ সংযোগ তৈরী করার বিষয়ে কারিগরি মতামত প্রদান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(কে, এম, রুহুল আমীন)**
**মহাপরিচালক (অতিরিক্ত সচিব)**
**মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর**

স্মারক নং: এমইএমআইএস/প্রকল্প/এপিআই কানেকশন/২০১৮-৫৫৪

তারিখ: ১৮ পৌষ ১৪২৮
০২ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):
১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/ মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৩। সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর বোর্ড, ঢাকা।
৪। উপ-পরিচালক (প্রশাসন)/(অর্থ)/(প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৫। । জনাব ------------------------------------------------------------------------------------

02/01/2022
মোহাম্মদ আবু নঈম
পরিচালক (প্রশাসন ও অর্থ) ও
প্রকল্প পরিচালক, মেমিস প্রকল্প
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৬২

**একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
মেমিস প্রকল্প
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

স্মারক নং-এমইএমআইএস/প্রকল্প/মাশিঅ পত্র/২০১৮-৫৫০

তারিখ: ২৮ ডিসেম্বর ২০২১ / ১৩ পৌষ ১৪২৮

## সভার নোটিশ

**'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর বোর্ড'** এবং **'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট'** কর্তৃক বিভিন্ন ধরণের সেবা অনলাইনে প্রদানে সুবিধার্থে ও তথ্যাদি যাচাইয়ের নিমিত্ত চাহিত মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে মেমিস প্রকল্পের ডাটাবেইসের শিক্ষক-কর্মচারীদের তথ্যাদি প্রদান বিষয়ে আগামী **৩০ ডিসেম্বর ২০২১ তারিখ বৃহস্পতিবার বিকাল ৩.০০ ঘটিকায়** অধিদপ্তরের সভাকক্ষে (গাইড হাউজ, ১০ম তলা, নিউ বেইলী রোড, ঢাকা) সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব কে, এম, রুহুল আমীন সভাপতিত্ব করবেন।

০৩। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে সভায় অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোহাম্মদ আবু নঈম
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
প্রকল্প পরিচালক, মেমিস
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন: ০২-৪১০৩০১৬২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো, ঢাকা: **একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ**।
২। সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
৩। সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর বোর্ড, ঢাকা।
৪। উপ-পরিচালক (অর্থ)/(উন্নয়ন ও প্রশিক্ষণ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৫। সহকারি পরিচালক (অর্থ)/সহকারি পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৬। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় অবগতির জন্য:

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
মেমিস প্রকল্প
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

**বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর বোর্ড'** এবং **'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট'** কর্তৃক বিভিন্ন ধরণের সেবা অনলাইনে প্রদানে সুবিধার্থে ও তথ্যাদি যাচাইয়ের নিমিত্ত চাহিত মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে মেমিস প্রকল্পের ডাটাবেইসের শিক্ষক-কর্মচারীদের তথ্যাদি প্রদান সভায় উপস্থিত সদস্যবৃন্দের উপস্থিতির স্বাক্ষর পত্র।

সভাপতি : জনাব কে, এম, রুহুল আমীন, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
স্থান : মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সভা কক্ষ।
সভার তারিখ : ৩০ ডিসেম্বর ২০২১ খ্রি.।
সময় : বিকেল ৩.০০ ঘটিকা

(তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

| ক্র:ম | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোহাম্মদ আবু নঈম<br>পরিচালক (প্রশাসন ও অর্থ) ও<br>PD, MEMIS | 01552-394974<br>mnoyeem@yahoo.com | [signature] |
| ২. | কে. এম. [illegible]<br>[illegible] | 01914890508<br>kmhasan66@gmail.com | [signature] |
| ৩. | [illegible]<br>সহ: প্রোগ্রামার<br>(বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান [illegible]) | 01718286795<br>[illegible]ngto@gmail.com | [signature] |
| ৪. | মোহাম্মদ মাহবুবুজ্জামান<br>উপ-পরিচালক (অর্থ)<br>মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা | 01711-056876<br>ddfinancedme@gmail.com | [signature] 30/12/2021 |
| ৫. | মো: সাইফুল ইসলাম<br>উপপরিচালক (প্রশাসন)<br>মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | 01718079470<br>ddadmeb@gmail.com | [signature] 30/12/2021 |
| ৬. | মোহাম্মদ জাহাঙ্গীর আলম<br>উপ-পরিচালক (প্রশি: ও উন্নয়ন) | 01718096058<br>ddtraining.dme@gmail.com | [signature] 30/12/21 |
| ৭. | মো: লুৎফর রহমান<br>সহকারী পরিচালক (অর্থ)<br>মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | 01671704475<br>adfinancedme@gmail.com | [signature] 30/12/21 |

| ক্র:ম | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৮. | Md. Liakat Hossain<br>Sr. Programmer<br>beliv IT | 01717 147050<br>himuj.17@gmail.com | |
| ৯. | Kamal Uddin Ahmed<br>System Analyst, MEMIS<br>Directorate of Madrasha Education | 01727280620 | |
| ১০. | MD. SHORIFUL ISLAM<br>Programmer – MEMIS<br>Directorate of madrasha edu | 01307609 787<br>shoriful.memis@gmail.com | |
| ১১. | | | |
| ১২. | | | |
| ১৩. | | | |
| ১৪. | | | |
| ১৫. | | | |